



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৩৬০

তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে অংশীজনের একটি সভা ২৮/০৯/২০২১ তারিখ সন্ধ্যা ৮.০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ভারুয়াল প্লটফর্ম জুম ব্যবহার করে অনুষ্ঠিত হয়। সভার উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট ক তে)। সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে পরিচালক প্রশিক্ষণ মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন। পরিচালক প্রশিক্ষণ মহোদয় সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থ-বছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে আসছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবারের মত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে প্রাথমিকভাবে মূল্যায়ন কার্যক্রম শুরু হয়। এর ধারাবাহিকতায় আগামী ২০২১-২২ অর্থবছরেও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। তিনি আরো উল্লেখ করেন এই বছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ হতে ১০ (দশ) নম্বর যোগ হবে। সভাপতি মহোদয় উপস্থিত সভার সদস্যদের তাদের নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর অগ্রগতির বিষয়ে আলোচনা করার আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অগ্রগতি পর্যালোচনা	সভায় উপস্থিত বরিশালের পরিচালক মহোদয় সভাকে বলেন, তিনি তার দপ্তরের এই তিনমাসে যে লক্ষ্যমাত্রা ছিলো তা সঠিকভাবে বাস্তবায়ন করেছেন। সভায় উপস্থিত অন্যান্য আঞ্চলিক কার্যালয়ের পরিচালক মহোদয়গণ তাদের দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতি সভার সামনে উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের কর্মপরিকল্পনার অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। পরিচালক প্রশিক্ষণ মহোদয় সভায় উপস্থিত দপ্তর প্রধানদের বলেন যে, উপস্থিত সদস্যদের বলেন, উপজেলা শিক্ষা অফিসারগণ তাদের সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। জেলা শিক্ষা অফিসারগণ তাদের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল	১. মাঠপর্যায়ে দপ্তরসমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক অগ্রগতি প্রতিবেদন দাখিল বিষয়ক নির্দেশনা প্রদান	ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক কমিটি

Handwritten signature/initials

		<p>অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। সরকারি কলেজের অধ্যক্ষ মহোদয়গণ তাদের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। সভার সদস্যগণ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে এ সংক্রান্ত একটি নির্দেশনা জারী করার জন্য মতামত প্রদান করেন।</p> <p>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক অগ্রগতি প্রতিবেদন দাখিল বিষয়ক নির্দেশনা প্রদান করে পত্র জারীর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>		
২.	বিবিধ	<p>সরকারি বি. এল কলেজ খুলনার ভারপ্রাপ্ত অধ্যক্ষ সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদানের বাধ্যবাধকতা রয়েছে কিন্তু সরকারি কলেজ সমূহে এই ধরনের কোন খাত ভিত্তিক কোড নেই। তাহলে পুরস্কার প্রদানটি কোন খাত থেকে প্রদান করা হবে।</p> <p>এই বিষয়ে পরিচালক অর্থ ও ক্রয় মহোদয় বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রদানের কোন কোড না থেকে থাকলে কোড প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয় অর্থনৈতিক কোড খোলার বিষয়ে মতামত প্রদান করেন।</p> <p>সভার সদস্যগণ এই বিষয়ে একমত পোষণ করেন।</p>	১. মাঠ পর্যায়ের দপ্তর সমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক অর্থনৈতিক কোড খোলার বিষয়ে ব্যবস্থা গ্রহণ।	পরিচালক (অর্থ ও ক্রয়)

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্ব/২

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি.

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-৩৬০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

৬. পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. আঞ্চলিক পরিচালক সকল অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮. আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক) সকল অঞ্চল মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)।
৯. থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল থানা)
১০. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১১. সংরক্ষণ নথি

আনোয়ার ২২/০৯/২০২০

(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা